

# 📃 আস-সাফফাত | As-Saffat | الصيَّافَّات

আয়াতঃ ৩৭ : ১৩২

## আরবি মূল আয়াত:

# إِنَّهُ مِن عِبَادِنَا المُؤمِنِينَ ﴿١٣٢﴾

#### 

নিশ্চয় সে ছিল আমার মুমিন বান্দাদের অন্তর্ভুক্ত। — আল-বায়ান

সে ছিল আমার মু'মিন বান্দাহদের অন্তর্ভুক্ত। — তাইসিরুল

সে ছিল আমার মু'মিন বান্দাদের অন্যতম। — মুজিবুর রহমান

Indeed, he was of Our believing servants. — Sahih International

১৩২, তিনি তো ছিলেন আমাদের মুমিন বান্দাদের অন্যতম।

তাফসীরে জাকারিয়া

### (১৩২) নিশ্চয় সে ছিল আমার বিশ্বাসী দাসদের অন্যতম। [1]

[1] কুরআনে অধিকাংশ জায়গায় নবী ও রসূলদের বর্ণনা করার পর এ বাক্যটি ব্যবহার করা হয়েছে যে, 'সে আমার মু'মিন বান্দা (বিশ্বাসী দাস)-দের একজন ছিল।' এর দুটি উদ্দেশ্য আছে। প্রথম উদ্দেশ্য, তাঁর মহান চরিত্রের বহিঃপ্রকাশ, যা ঈমানের জরুরী অংশ। যাতে সেই সকল মানুষ, যারা অনেক পয়গম্বরদের চারিত্রিক দুর্বলতার কথা বলে থাকে, তাদের খন্ডন হয়ে যায়। যেমন বর্তমান তাওরাত ও ইঞ্জীলে অনেক পয়গম্বরদের বিষয়ে এরূপ মনগড়া কেচ্ছা-কাহিনী লিপিবদ্ধ আছে। দ্বিতীয় উদ্দেশ্য, ঐ সকল মানুষদের ধারণা খন্ডন, যারা অনেক নবীদের গুণাবলীতে অতিরঞ্জন করে তাঁদের মধ্যে আল্লাহর গুণ ও ক্ষমতা সাব্যস্ত করে। অর্থাৎ তাঁরা অবশ্যই পয়গম্বর ছিলেন, আর ছিলেন আল্লাহর বান্দা ও তাঁর দাস। তাঁরা না ছিলেন ইলাহ বা তাঁর অংশ, আর না ছিলেন তাঁর অংশীদার।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3920

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন